১৭ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে উপরের লিখিত মেকদার সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

		বেহার সিন্দুক	বানারস সিন্দুক	জুমুলা সিন্দুক
১০	ফিব্রুআরি অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮০০	৮৫০	২৬৫০
২১	আপ্রিল অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩৬০০	১৫০০	৫১০০
২৬	মে অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮০০	৮৫০	২৬৫০
২৯	জুন অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩৬৮৫	১৬৪১	৫৩২৬
		১০৮৮৫	৪৮৪১	১৫৭২৬

১৮ দফা। অধিকন্তু সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮১৫ সালের ৭ মার্চ তারিখে ইঙ্গরাজ ও ফরাস উভয়ে যে একরারনামা করিয়াছেন সেই একরারনামার লিখিত ষষ্ঠ প্রকরণানুসারে ফরাসের বাদশাহের তরফের যে এজেন্ট সাহেবান বাঙ্গলায় থাকিবেন কিম্বা তাঁহারা যে ব্যক্তিরদিগকে নিযুক্ত করিবেন সেই সকল উপরের লিখিত সন ১৮৪৫ সালের জানুআরি ফিব্রুআরি আপ্রিল মে এবং জুন মাহার ৫ নীলামের যে মেকদার বেহার ও বানারসের আফিম বিক্রয় হইবার এস্তেহার হইল তাহার মধ্যে উর্দ্ধ সংখ্যা সিন্দুকপর্য্যন্ত আফিম লইবার এক্তিয়ার রাখেন এই আফিম যে নীলামে অথবা নীলামহায়ের সম্পর্কীয় হইবেক তাহার গড় দরে লইবেন আর ফরাসের এজেন্ট সাহেবানের সন মজকুরের মধ্যে যত আফিম লওনের প্রয়োজন হইবেক তাহা সমুদয় নীলামে অথবা নীলামহায়েতে লইবেন তাহার নির্ণয় করিয়া এই এস্তেহার হওনের পর ৩০ দিবসের মধ্যে প্রার্থনালিপি লিখিবেন যদ্যপি ফরাসের এজেন্ট সাহেবান উপরের মেয়াদ মধ্যে আফিম লওন কারণ কোন প্রার্থনা না করেন তবে উপরের লিখিত সমুদয় ২১৫২৬ সিন্দুক বেহার ও বানারসের আফিম ধারামতে নীলামে বিক্রয় হইবেক এবং ঐ পূর্ব্ব ৫ নীলামে যে মেকদার আফিম বিক্রয় হওনের এস্তেহার হইল তাহার অন্দরে যদি ফরাসের এজেন্ট সাহেবান কোন মেকদার আফিম ঐ ৫ নীলামের প্রত্যেক অথবা কোন এক নীলামে লইবার দরখাস্ত করেন কিন্তু আফিম মজকুরের কিম্মত মেয়াদ মধ্যে না দেন তবে সেই আফিম বিক্রয় করিবার এক্তিয়ার সুবে বাঙ্গলার গবর্ণর বাহাদুর রাখেন হয় কিম্মত আদায়ের মেয়াদ গতে যে নীলাম উপস্থিত হইবেক তাহার নিরূপিত মেকদার বৃদ্ধি করিয়া বিক্রয় করিবেন নতুবা ঐ নিমিত্তে এক স্বতন্ত্র নীলাম মোকরর করিয়া বিক্রয় করিবেন।

একরারনামা।

উপরের লিখিত ইঙ্গরাজ ও ফরাস জাতির মধ্যে একরারনামার ষষ্ঠ প্রকরণ আফিমের তেজারতের বি-

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ২৪ ডিসেম্বর।]

যয়ে উভয়ে সম্মত হইলেন যে আফিমের প্রত্যেক নীলামের কালে ফরাসের বাদশাহের এজেন্ট সাহেবান কিম্বা তাঁহারদিগের তরফ যে ব্যক্তি নিযুক্ত হইবেন তিনি যত সিন্দুক আফিম লইতে প্রার্থনা করিবেন তত দেওয়া যাইবেক কিন্তু প্রত্যেক বৎসর ৩০০ সিন্দুকের অধিক লইতে পারিবেন না যে নীলামের আফিম লইবেন সেই নীলামের গড় দরে লইতে হইবেক আর কোন এক দফার যে মেকদার আফিমের দরখাস্ত করিবেন যদ্যপি ফরাসের বাদশাহের এজেন্ট সাহেবান মেয়াদ মধ্যে তাহা খালাস না করেন তবে সেই আফিম উপরের লিখিত ৩০০ সিন্দুকের মধ্যে বাদ পড়িবেক আফিম লইবার দরখাস্ত কলিকাতার গবর্ণর জেনরল বাহাদুরের নিকট গবর্ণমেন্ট গেজেট খবরের কাগজে বিক্রয়ের এস্তেহার দেওনের পর ৩০ দিবসের মধ্যে দাখিল করিতে হইবেক।

বিমোজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি।

এচ টরেন্স। সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

এস্তাহারনামা-কাছারী কালেক্‌টরী জিলা মুরশিদাবাদ এই যে

অত্র জিলাসংক্রান্ত সরকারের খাস মহাল হুদা ঈশানপুর যাহার মফঃসল জমা ২৩,৫৬০৲ টাকা সন ১২৫২ সালের ১ বৈশাখঅবধি ১০ দশ বৎসর মেয়াদে ইজারা দেওয়া যাইবেক এবং ইজারাদারের লাভ ও মফঃসলের খরচার জন্য শতকরা ২০৲ টাকাঅবধি ২৫৲ টাকাপর্য্যন্ত সরঞ্জামী মিনাহ দেওয়া যাইবেক যে ইজারা লইবেক তাহাকে উত্তম জামিন দিতে হইবেক অথবা জমার অর্দ্ধেক আমানৎ করিতে হইবেক ইজারার দরখাস্ত মুরশিদাবাদের কালেক্‌টরী কাছারীতে দাখিল হইবেক ইজারার প্রার্থিত ব্যক্তিরদের অন্য যে কোন সমাচার জানা আবশ্যক হইবেক তাহা ঐ কাছারীতে জানিতে পারিবেক ইহা সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে এস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪৪। ৩১ অক্‌টোবর মোং সন ১২৫১ তারিখ ১৬ কার্ত্তিক।

Moorshedabad, 31*st October*, 1844. W. GREY, *Asst. Collr. in Charge.*

ইস্তাহারনামা কাছারী কালেক্‌টরী জিলা রাজশাহী এই যে

যেহেতুক রাজা কৃষ্ণনাথ রায়ের মৃত্যুহওয়াতে তাঁহার এ জেলার অধীন মহালাৎ চতুর্দ্দশাংশের প্রবল প্রতাপ শ্রীযুত রেবিনিউর কমিস্যনর সাহেবের সন হালের ১১ নবেম্বরের লিখিত চিঠীর আদেশঅনুযায়ি কোর্ট অফ ডৈরেক্‌টর্সের তদারকের নীচে আসিয়াছে প্রযুক্ত কোর্ট অফ ডৈরেক্‌টর্সহইতে তাহা অর্থাৎ নীচের তফশীলের লিখিত মহালাৎ মুদ্দত ১০ দশসনা মেয়াদে ইজারা বন্দোবস্ত হইবেক। অতএব তাবৎ লোকের জ্ঞাপনার্থে ইস্তাহার দেওয়া যাইতেছে যে কেহ উক্ত মহালাৎ ইজারা বন্দোবস্ত করিয়া লওয়ার প্রার্থনা রাখে তাহার উচিত যে ১৫ রোজ মেয়াদ মধ্যে এই কালেক্‌টরীর কাছারীতে হাজির হইয়া আপন কবুলা জমা ও যাহাকে জামীন দিবেক তাহার নাম এবং জামিনীর বন্ধকী মহালের সদর জমা লিখিয়া দরখাস্ত করে ইতি সন ১৮৪৪ ইং তাং ২৯ নবেম্বর মোং সন ১২৫১ বাঙ্গলা তাং ১৫ অগ্রহায়ণ।

তফশীল।

মহালাৎ।

নাম মহাল	তাইন সদর জমা	জের ... ৩	২৪২০৮৶১	কৈফিয়ৎ
ডিহী বোওয়ালিয়া পং মেহমানশাহী		ডিহী গোছা পং বোনগাঁও		ইতিপূর্ব্বে এ সকল মহাল যে কোর্ট অফ ওয়ার্ডসের নীচে আসিয়াছিল তাহাতে সকল মহাল একমালিতে সিক্কা ৪৪০০১৲ টাকা জমার কাত ৪৬৯৩৪ ।৶৫ কোম্পানি জমাতে ইজারা বন্দোবস্ত হইয়াছিল এবং ইজারাদার ১২৪৫ সালের যে জমা ওয়াশীল বাকী দাখিল করে তাহাতে ঐ সকল মহালের হস্তবুদ জমা মোট ৫৩২৮১ ॥০ আনা লেখা যায় ইতি।
১	৪৫২৩ ॥৶৮	১	৮৭৬০ ।৶৮	
ডিহী ভাগসুন্দর পং আমরুল সেওয়াম্ব মোড় গাঁও সদর জমা ১১৪ ॥৭ পাই যাহা রাজচন্দ্র ও গৌরীপ্রসাদ ও রাধাসুন্দরীর হক বক্রী		ডিহী কামারগাঁও পং বোনগাঁও		
		১	৮৫৮৭/০	
		দৌলতপুরওগয়রহ পং বোনগাঁও		
১	৯২৩৪/৯	১	১০৩৩ ॥৬	
		৬	৪২৫৮৯ ।৩	
ডিহী এজপুর পং আমরুল				
১	১০৪৫০ ৶৮			
৩	২৪২০৮৶১			

Rajeshye Collectorate, 29*th November*, 1844. W. M. DIROM, *Offg. Collector.*

ইস্তাহারনামা কাছারী কালেক্‌টরী জিলা ঢাকা জালালপুর এই যে

১৮৪১ সনের ১২ আইনের ৩ ধারা ও সাহেবান সদর বোর্ডের ঐ সনের ৬ অক্‌টোবরের বিধিঅনুসারে ও গবর্ণমেন্ট গেজেটের ১৮৪২ সনের ২২ জানুআরির লিখিত প্রশংসিত সাহেবানের আদেশমতে ১২৫১ সনের কিং আশ্বিন ও কার্ত্তিক ও অগ্রহায়ণের বাকী খাজানা যে সকল মহালাতের আদায় না হয় ঐ সকল মহালাত ১৮৪৪ সনের ২৮ ডিসেম্বর মোং ১২৫১ সনের ১৫ পৌষ শনিবার এই জিলার কালেক্‌টরী কাছারীতে বিক্রী হইবেক উক্ত মহালাতের মালগুজারদারানদিগের উচিত যে আপন২ জিম্মার বাকী খাজানা ২৭ ডিসেম্বর সূর্য্যাস্তের পূর্ব্বে অথবা তাহার পূর্ব্বে আদায় করে ও যদি বাকীদারান উক্ত নিয়মমতে বাকী আদায় না করে তবে ঐ বাকীর টাকা না লইয়া

[*Government Gazette*, 24*th December*, 1844.]

বাকী মহালাত নীলাম করা যাবেক। খাজানা না লওয়ায় আপত্তি গ্রাহ্য হইবেক না আর যে কেহ নীলাম খরিদের বাসনা রাখে ঐ তারিখে হাজির হইয়া খরিদ করে ইতি সন ১৮৪৪ তাং ৪ নবেম্বর মোতাবেক সন ১২৫১ তারিখ ২০ বিশা কার্ত্তিক।

Dacca Collectorate, 4th November, 1844. R. E. CUNLIFFE, *Collector*.

INSOLVENT COURT.

যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of CHARLES LLOYD EDWARDS, an insolvent.

NOTICE is hereby given, that Saturday the 4th day of January next, is appointed for further hearing in this matter, for the purpose of declaring a dividend; and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the first day of August 1843, until the 2d day of December instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the office of the Chief Clerk three clear days before the hearing.

Assignee's Office, 17th December, 1844.

The like notice in the matter of WILLIAM DURIE, an Insolvent, wherein the account of the Assignee is filed from 7th day of May 1844, to the 5th day of December instant.

The like notice in the matter of GEORGE ROBERT WILTON, an Insolvent, wherein the account of the Assignee is filed from 1st day of April 1844, to the 2d day of December instant.

The like notice in the matter of JOHN VICTOR LANDEMAN, an Insolvent, wherein the account of the Assignee is filed from 1st day of September 1843, to the 2d day of December instant.

R. O'DOWDA, *Assignee*.

Calcutta, 17th December, 1844.

In the matter of KEMJEE JOOTAH, and HURRY DOSS NATHA, late of Armenian Street, in the Town of Calcutta, Merchant, lately carrying on business in partnership, with one Kutchraw Deochund, and lately residing at the Danish Settlement of Serampore, and now of Burra Bazar, in the Town of Calcutta, adjudged entitled on Saturday the first day of June, one thousand eight hundred and forty-four, to the benefit of the Act of the Ninth, George the fourth, Chapter Seventy-three, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies.

At a Court holden on Monday, the 4th day of

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের উপকারার্থ আদালত।

যোত্রহীন চার্লস লায়ড এড্বার্ডস সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড করিবার নিমিত্তে এই বিষয় আগামি জানুআরি মাসের ৪ তারিখ শনিবারে পুনরায় শুননি হইবেক এই বিষয়ে আসৈনি সাহেব ১৮৪৩ সালের ১ আগষ্ট তারিখঅবধি ডিসেম্বর মাসের ২ তারিখপর্য্যন্ত যত টাকা জমাখরচ করিয়াছেন তাহার বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া সাব্যস্ত করিতে চাহেন কি তাহার আপত্তি করিতে চাহেন তিনি শুননির দিবসের তিন দিন পূর্ব্বে তাহার এত্তেলা প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

আসৈনির দফ্তরখানা।

১৮৪৪ সাল ১৭ ডিসেম্বর।

যোত্রহীন উলিয়ম ডিউরি সাহেবের বিষয়ে

উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই যোত্রহীনের বিষয় ১৮৪৪ সালের ৭ মে তারিখঅবধি বর্ত্তমান মাসের ৫ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

যোত্রহীন জর্জ রাবর্ট উইল্টন সাহেবের বিষয়ে

উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয় ১৮৪৪ সালের ১ অপ্রিল তারিখঅবধি বর্ত্তমান ডিসেম্বর মাসের ২ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল হইয়াছে।

যোত্রহীন জান বিকটর লাণ্ডিমান সাহেবের বিষয়ে

উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয় ১৮৪৩ সালের ১ সেপ্টেম্বর তারিখঅবধি বর্ত্তমান ডিসেম্বর মাসের ২ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল হইয়াছে।

আর ওডৌডা। আসৈনি।

১৮৪৪ সাল। ৭ ডিসেম্বর।

পূর্ব্বে কলিকাতা নগরের আরমানীটোলায় কচরাও দেবচাঁদের সঙ্গে বাণিজ্য কর্ম্মকারি পরে ডেন্মার্কীয়েরদের অধীন শ্রীরামপুর নিবাসি এক্ষণে কলিকাতানগরের বড়বাজার নিবাসি

কেমজী জুটা ও হরিদাস নাথ

১৮৪৪ সালের ১ জুন তারিখ শনিবারে ভারবতর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক চতুর্থ জর্জ রাজার নবম বৎসরীয় ৭৩ অধ্যায়ের লিখিত আইনানুসারে উপকার পাইবার যোগ্য এমত নির্দ্দিষ্ট হইয়াছিল।

গত নবেম্বর মাসের ৪ তারিখ সোমবারে আদালতের

November last, an application was made by petition on behalf of the Insolvents Kemjee Jootah and Hurry Doss Natha above named, praying that their petition for discharge from all debts due at the time of the adjudication of Insolvency, on the 11th day of October 1843, and from all liabilities for which the said Insolvents were then liable, be received and filed. It was ordered among other things, that the said petition be received and filed in this Court, and that notice of the filing of such petition should be given. Notice whereof is hereby accordingly given. Dated this 19th day of December, 1844.

PEARD, *Attorney for the Insolvents.*

In the matter of the petition of CHARLES LLOYD EDWARD, late of Barrackpore, in the Twenty-four-Pergunnahs, theretofore of Saugur in Central India, an Ensign in the Seventieth Regiment of Native Infantry, in the service of the Honourable East India Company, on their Bengal Establishment, adjudged entitled on Saturday the nineteenth day of August, one thousand eight hundred and thirty-seven, to the benefit of the Act of the Ninth, George the Fourth, Chapter Seventy-three, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies.

NOTICE is hereby given, that at a Court holden on the 7th day of December instant, upon reading a petition of the abovenamed Insolvent, praying for his discharge, pursuant to the provisions of the Statute Ninth, George the Fourth, Chapter Seventy-three, an affidavit of Philip Peard in verification thereof and a Certificate of Robert O'Dowda, Esq. the Assignee of the Estate and Effects of the said Insolvent, that the Estate of the said Insolvent which had come to his hands had produced sufficient to pay and discharge three-fourths of the amount of the debts which had been established against the Estate of the said Insolvent: *It was ordered* that the said Insolvent be for ever discharged from all liability whatsoever for or in respect of the debts due from him to the following persons (that is to say) Messieurs Macfarlane and Company, Assignees of the late Firm of Messieurs Fergusson, Messieurs Boyd and Company, Messieurs Wilson, Frith and Company, Mr. W. K. Ord for the late Firm of Ranken and Company, Mr. D. E. Mallock for the late Firm of Frith and Gordon, Messieurs Bathgate and Porteous, Mr. S. Smith, Mr. H. Tandy, Ranken and Company, Peter Palmer, Manton and Company, Jenkins, Low and Company, Hamilton and Company, Nosky and Company, Mr. Robert Swinhoe, Executor of the late Mr. Gillanders, Watkins, Cliff and Company, Pittar and Company, Jones and Company, Ramdhun, Begbie and Company, Watts and Company, Montieth and Company, Mrs. Mandy, Wilson and Company, Ahmuty and Company, Mortimer and Company, H. G. Statham, Dr. R. Frith, Bindabun Paul, Radamohun Pyne, Titoo Tailor, Moore, Hickey and Company, Beaumont and Company, Mr. T. E. Thomson, W. W. Robinson and Company, Mrs Eliza Blunt, Arthur Pit-

[*Government Gazette, 24th December*, 1844.]

বৈঠকে উক্ত যোত্রহীন কেমজী জুটা ও হরিদাসনাথের মহাজনেরা দরখাস্ত করিয়াছেন যে ১৮৪৩ সালের ১১ অক্টোবর যে তারিখে উক্ত যোত্রহীনেরদের নামে যোত্রহীনতা নির্ণয় হইল সেই তারিখে তাহারদের স্থানে যে সকল কর্জ ও টাকার দাওয়া ছিল সেই সকল দাওয়া-হইতে তাঁহারা মুক্ত হন এখন উক্ত মহাজনেরা প্রার্থনা করেন্ যে তাঁহারদের সেই দরখাস্ত গ্রাহ্য হইয়া দাখিল করা যায়। অএতব হুকুম হইল যে ঐ দরখাস্ত গ্রাহ্য হইয়া এই আদালতে দাখিল করা যায় এবং তাহার দাখিল হওনের সম্বাদ দেওয়া যায়। তদনুসারে ইহার সম্বাদ দেওয়া যাইতেছে। ১৮৪৪ সাল। ১৯ ডিসেম্বর।

পিয়র্ড।
যোত্রহীনেরদের উকীল।

পূর্ব্বে মধ্যম ভারতবর্ষের সাগরবাসি পরে চব্বিশ পরগনার বারাকপুর নিবাসি ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির বাঙ্গলা দেশের সিরিশ্তায় এদেশীয় ৭০ সংখ্যক পদাতিক পল্টনের এনসাইন

চার্লস লয়ড এড্বার্ড সাহেব

১৮৩৭ সালের ১৯ আগষ্ট শনিবারে ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক চতুর্থ জর্জ রাজার নবম বৎসরীয় ৭৩ অধ্যায়ের লিখিত আইনক্রমে উপকার পাইবার যোগ্য এমত নির্দ্দিষ্ট হইল।

তাঁহার দরখাস্তের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান ডিসেম্বর মাসের ৭ তারিখে আদালতের বৈঠকে উক্ত যোত্রহীনের এই মজমুনের এক দরখাস্ত পাঠ হইল যে তিনি চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের ৭৩ অধ্যায়ের লিখিত আইনক্রমে খালাস হন্ এবং দরখাস্তের সত্যতা প্রকাশ করিবার নিমিত্তে ফিলিপ পিয়র্ড সাহেব যে এক আফিডেবিট দাখিল করেন্ তাহাও পাঠ হইল এবং যোত্রহীনের মাল ও সম্পত্তির আসৈনি শ্রীযুত ওডোডা সাহেবের এই মজমুনে এক সর্টিফিকট পাঠ করা গেল যে উক্ত যোত্রহীনের যে সকল সম্পত্তি আমার হস্তগত হইয়াছে তাহার দ্বারা উক্ত যোত্রহীনের বিরুদ্ধে যে সকল দাওয়া সাবুদ হইল তাহার চারি অংশের তিন অংশ শোধ হইতে পারে অতএব হুকুম হইল যে নীচের লিখিত মহাশয়েরদের প্রতি উক্ত যোত্রহীনের যে সকল কর্জ থাকে তাহাহইতে তিনি একেবারে মুক্ত হইয়াছেন। অর্থাৎ ফরগসন কোম্পানির সাবেক কুঠীর আসৈনি মাকফারলেন কোম্পানি, বয়ড কোম্পানি, উইলসন ফ্রিথ কোম্পানি, রাঙ্কেন কোম্পানির সাবেক কুঠীর নিমিত্তে ডবলিউ কে অর্ড সাহেব, ফ্রিথ গর্ডনের সাবেক কুঠীর নিমিত্তে ডি ই মালক সাহেব, বাথগেট ও পোর্টিয়স, এস স্মিথ সাহেব, এচ টাণ্ডি সাহেব, রাঙ্কিন কোম্পানি, পিটর পামর সাহেব, মান্টন কোম্পানি, জেনকিন্স লো কোম্পানি, হামিল্টন কোম্পানি, নস্কি কোম্পানি, মৃত গিলাণ্ডর্স সাহেবের অছি রাবর্ট সুইনহো সাহেব, ওয়াটকিন্স ক্লিফ কোম্পানি, পিটার কোম্পানি, জোন্স কোম্পানি, রামধন, বেগবি কোম্পানি, ওয়াটস কোম্পানি, মণ্টিথ কোম্পানি, বিবি মাণ্ডি, উইলসন কোম্পানি, আমুটি কোং, মার্টিমর কোম্পানি, এচ জি ষ্টেথম সাহেব, ডাক্তর আর ফ্রিথ সাহেব, বৃন্দাবন পাল, রাধামোহন পাইন, তিতু দরজি, মোর হিকি কোম্পানি, বোমন কোম্পানি, টি ই তামসন সাহেব, ডবলিউ ডবলিউ রাবিনসন কোম্পানি, বিবি ইলাইজা ব্লন্ট, আর্থর পিটার লাটি কোম্পানি, বেপ্পল সাহেব, বারফুট সাহেব, বৃন্দাবন মল্লিক, আগরাব্যাঙ্কের অধ্যক্ষ, ডবলিউ সি ক্রেন সাহেব, জে এচ ষ্টকুলর সাহেব, হাটন সা-

tar, Lattey and Company, Mr. Spence, Mr. Barfoot, Bindabun Mullick, Proprietors of the Agra Bank, Mr. W. C. Crane, Mr. J. H. Stocqueler, Mr. Hatton, McKellar and Company, Mr. Calcraft, Bowannee Bearer, Pittis and Company, Ameeroody Tailor, Peroo Butcher, Muzzoodie Tailor, J. H. Wilson, Messieurs Gibson and Company, Ramdoss Clothman, Mr. Whitesett, Agent of T. Paynes, Mr. Wilkinson, Baboo Khan, Mrs. Carshore, Mr. Hickworth, and Kristomohun Day, *unless cause be shewn to the contrary*, on Saturday the first day of February next. Dated this 20th day of December 1844.

PEARD,
Attorney for the Insolvent.

হেব, মাকেলর কোম্পানি, কালক্রাপ্ট সাহেব, ভবানী বেহারা, পিটিস কোম্পানি, আমীরুদ্দীন দরজী, পিরু কসাই, মজুদ্দী দরজী, জে এচ উইলসন সাহেব, গিবসন কোম্পানি, রামদাস কাপড়ওয়াল, টি পেন সাহেবের এজেন্ট ওআইটসেট সাহেব, উইলকিন্‌সন সাহেব, বাবু খাঁ, বিবি কারসোর, হিকওর্থ সাহেব, ও কৃষ্ণমোহন দে কিন্তু আগামি ফেব্রুআরি মাসের ১ তারিখ শনিবারে তাঁহার মুক্ত না হওনের কোন মাতবর কারণ প্রকাশ হইলে তিনি মুক্ত হইবেন না ইতি। ১৮৪৪ সাল ২০ ডিসেম্বর।

পিরর্ড। যোত্রহীনের উকীল।

NOTIFICATION.

RUNGPORE COLLECTOR'S OFFICE,
The 30th November, 1844.

Notice is hereby given, that Pergunnah Baharbund, &c. the Estate of the late Rajah Kristonath Roy, Sudder Jummah Rs. 84,160-10-5, will be let in farm for ten years, on the part of the Court of Wards, on adequate Security, on the 20th December 1844, corresponding with the 8th Pouse 1251, B. S. Sealed tenders for the same will be received up to that date.

A. T. DICK, *Collector.*

বিজ্ঞাপন।

রঙ্গপুরের কালেক্‌টর সাহেবের সিরিশ্‌তা।
১৮৪৪ সাল ৩০ নবেম্বর।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ইং ১৮৪৪ সালের ২০ ডিসেম্বর তারিখে মোং বাঙ্গলা সন ১২৫১ সালের ৮ পৌষ তারিখে মৃত রাজা কৃষ্ণনাথ রায়ের পরগনা বাহারবন্দপ্রভৃতি মহাল কোর্ট অফ ওয়ার্ডসের তরফে মাতবর জামিনীতে দশ বৎসর মিয়াদে ইজারা দেওয়া যাইবেক। ঐ মহালের সদর জমা ৮৪,১৬০৷৷৵৫ টাকা। যাঁহারা ঐ মহাল ইজারা লইতে চাহেন তাঁহারা আপনারদের মোহরকরা পত্র উক্ত ২০ ডিসেম্বর মোং ৮ পৌষপর্য্যন্ত পাঠাইবেন।

এ টি ডিক। কালেক্‌টর।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

TREATISE ON INHERITANCE, &c.
Just published at the Serampore Press,
IN OCTAVO—PRICE Co.'s Rs. 6,

A TREATISE ON INHERITANCE, GIFT, WILL, SALE AND MORTGAGE; with an Introduction to the Laws of the Bengal Presidency. By F. E. ELBERLING, Esq. of the Danish Civil Service. Applications for the Work to be made to Messrs. Thacker and Co., St. Andrew's Library; Messrs. Ostell and Lepage, British Library; and Messrs. P. S. D'Rozario and Co., No. 5, Tank Square, Calcutta.

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে কোন ব্যক্তির কাশমিএর শাল ও জামেওয়ার এবং রুমালইত্যাদি ক্রয় করণের প্রয়োজন হয় তাহা আমার দোকান নং ৫৪৫ বড়বাজারে মনোহর দাসের চকের উপরি তেতালা ভবনে আসিলে যথার্থ মূল্যে পাইবেন ইতি।

শ্রীযুত বাবু পরমেশ্বরী দাস।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪৪। ২৪ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 237. ২৩৭) (৫৫৭)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 31, 1844.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৪ সাল ৩১ ডিসেম্বর।

DRAFTS OF ACTS.

FORT WILLIAM.
HOME DEPARTMENT.
LEGISLATIVE.
THE 21ST DECEMBER, 1844.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 21st December, 1844 :—

ACT No. —— OF 1844.

An Act concerning the Examination and Appointment of Hindoo and Mahomedan Law Officers.

I. It is hereby enacted, that Section 5, Regulation XI. of 1826, of the Bengal Code, be repealed.

II. And it is hereby enacted, that from and after the passing of this Act any person may be appointed to be a Hindoo or Mahommedan Law Officer in any of the Courts of Justice under the Presidency of Fort William in Bengal, who shall have successfully passed through such an examination as the Government of the said Presidency shall from time to time prescribe.

Ordered that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India after the 21st day of February next.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৪ সাল ২১ ডিসেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৪ সালের ২১ ডিসেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৪ সাল——আক্ট।

পণ্ডিত এবং মৌলবীরদের পরীক্ষা ও নিযুক্ত হওনের বিষয়ি আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশের চলিত ১৮২৬ সালের ১১ আইনের ৫ ধারা রদ হইল ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনঅবধি এবং তাহার পর ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের গবর্ণমেণ্ট সময়ে২ যে প্রকার পরীক্ষা নিরূপণ করেন্ সেই পরীক্ষাতে যে ব্যক্তি সর্ব্বপ্রকারে উত্তীর্ণ হন্ তিনি বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন কোন আদালতে পণ্ডিত কি মৌলবীর কর্ম্মে নিযুক্ত হইতে পারেন্ ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২১ ফেব্রুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 26.

To the Several Session Judges in the Lower Provinces, and the Authorities in the Extra-Regulation Provinces.

1. The Circular Order of the Nizamut Adaw-

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

২৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের এবং আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত নানা সেশন জজ সাহেব বরাবরেষু।

১।০ নিজামৎ আদালতের ১৮২০ সালের ৮ মে তারি-

lut, No. 233, dated 8th May 1820, requires that in cases of persons convicted of having committed any penal Act, while under the dominion of insanity, the Session Judges shall invariably submit their proceedings, together with the Magistrates' proceedings, held on the commitment of the prisoner to the Nizamut Adawlut, "for revision and final sentence,"—provided that the crime charged in the indictment, be such, as would render a reference to that Court necessary.

2. The Court, having in consultation with the Nizamut Adawlut for the Western Provinces reconsidered the principle of this Circular Order, are of opinion that it is based on an incorrect view of law, and opposed to proper judicial practice. It is a maxim of English law, that insanity incapacitates from crime; and, in the 6th Paragraph of Circular Order of Nizamut Adawlut, No. 307, dated 11th February 1825, in accordance with this maxim, it is remarked, that "satisfactory proof of insanity at the time of the act being committed, as it would preclude the imputation of guilt, must also exempt the insane person from conviction and punishment." Regarded in this light, a finding of insanity at the time of the deed being committed, is tantamount to a declaration of the innocence and necessarily to be followed by a sentence of acquittal in favor of the prisoner, and renders the reference of the trial for the "final sentence" of the Nizamut Adawlut superfluous, since Session Judges, being competent to determine the value of evidence, and empowered, on finding it insufficient, to acquit finally prisoners arraigned for offences punishable only by the Nizamut Adawlut, must by parity of reasoning be held equally competent to pass sentence of acquittal on persons found to have committed penal Acts, while in a state of mental aberration, even though the power to punish the perpetration of such Acts by responsible Agents rest only with the Nizamut Adawlut.

3. On these grounds it has been held by the Courts of Nizamut Adawlut, for the North Western and Lower Provinces, that a judgment of the nature above mentioned—that is, of a party having committed a penal Act, while in a state of insanity, is equivalent to a final sentence of acquittal, and that such sentence pronounced by a Session Judge being legally intangible and irreversible by the Nizamut Adawlut, precludes the necessity of a reference of the trial to that Court for judgment in regard to the guilt or innocence of the prisoner.

4. In modification, therefore, of the Circular Orders quoted marginally,* the Court are pleased to determine that Session Judges shall be held empowered to acquit finally all parties, proved to have committed penal offences while laboring under in-

* Circular Order Nizamut Adawlut No. 233, dated 8th May 1820.

Circular Order No. 307, dated 11th February 1825.

খের ২৩৩ নম্বরী সরক্যুলর অর্ডরে হুকুম আছে যে যে ব্যক্তিরা উন্মাদ থাকিতে কোন দণ্ডনীয় অপরাধ করণে দোষীকৃত হয় সেই অপরাধ যদি এই প্রকার হয় যে তাহার মোকদ্দমা সদর নিজামৎ আদালতে অর্পণের আবশ্যক তবে সেশন জজ সাহেবেরা সেই২ গতিকে নিয়ত আপনারদের রুবকারী এবং আসামীকে সোপর্দ্দ করণের সময়ে মাজিষ্ট্রেট সাহেবের রুবকারী নিজামৎ আদালতে পুনর্দৃষ্টি ও চূড়ান্ত দণ্ডের নিমিত্তে অর্পণ করেন।

২। কলিকাতাস্থ সদর আদালত উত্তরপশ্চিম দেশের নিজামৎ আদালতের সঙ্গে পরামর্শ করিয়া উক্ত সরক্যুলর অর্ডরের মর্ম্ম পুনর্বিবেচনা করিয়াছেন তাহাতে বোধ হইল যে তাহা আইনের যথার্থ ভাবের এবং আদালতের উচিত ব্যবহারের বিপরীত। ইঙ্গলণ্ড দেশের চলিত আইনের এক মূল বিধান এই যে উন্মাদ ব্যক্তিরদের অপরাধ নাই এবং নিজামৎ আদালতের ১৮২৫ সালের ১১ ফেব্রুআরি তারিখের ৩০৭ নম্বরী সরক্যুলর অর্ডরের ৬ দফাতে ঐ মূল বিধানানুসারে লেখা আছে যে কোন ব্যক্তির অপরাধ করণের সময়ে যদি এমত নিশ্চয় প্রমাণ হয় যে সেই ব্যক্তি উন্মাদ ছিল তবে তাহার দোষ বলা যাইতে পারে না এবং সেই উন্মাদ ব্যক্তি দোষীকৃত ও দণ্ডের যোগ্য হইতে পারে না। এইমত বিবেচনা করিলে অপরাধ করণের সময়েতে উন্মাদের নিশ্চয় করণ এবং সেই ব্যক্তিকে নির্দ্দোষীকরণ তুল্য সুতরাং আসামীকে নিরপরাধী জ্ঞান করিতে হইবেক এবং নিজামৎ আদালতের চূড়ান্ত হুকুম পাইবার নিমিত্ত তাহার মোকদ্দমা ঐ আদালতে অর্পণ করা অনাবশ্যক। যেহেতুক সেশন জজ সাহেবেরা প্রমাণের সত্যাসত্যতা নির্ণয় করণের ক্ষমতা রাখেন এবং যদ্যপি তাঁহারা কোন অপরাধের প্রমাণ অপ্রচুর জ্ঞান করেন তবে যে অপরাধের দণ্ড কেবল নিজামৎ আদালত করিতে পারেন সেই অপরাধের নালিশগ্রস্ত ব্যক্তিরদিগকেও তাঁহারা খালাস করিতে পারেন। সুতরাং যে২ দণ্ডনীয় অপরাধ প্রকৃতিস্থ ব্যক্তিরদের দ্বারা করা গেলে তাহার দণ্ড করণের ক্ষমতা কেবল নিজামৎ আদালতের হাতে আছে সেই অপরাধ উন্মাদ ব্যক্তিরদের দ্বারা করা হইলে তাহারদিগকে নির্দ্দোষী করিতে সেশন জজ সাহেবেরদের ক্ষমতা আছে।

৩। এই২ কারণে উত্তরপশ্চিম ও বাঙ্গলাপ্রভৃতি দেশের নিজামৎ আদালতের সাহেবেরা এই বিধান করিয়াছেন যে সেশন জজ সাহেব যখন এই প্রকার ফয়সলা করেন যে যে ব্যক্তি দণ্ডনীয় অপরাধ করিয়াছে সে ব্যক্তি উন্মাদ তখন সেই ব্যক্তি চূড়ান্তরূপে নিরপরাধী জ্ঞান হইবেক এবং সেশন জজ সাহেব সেইরূপ ফয়সলা করিলে আইনমতে নিজামৎ আদালত তাহাতে হস্তক্ষেপ করিতে কি তাহা উল্টাইতে পারেন না সুতরাং আসামীর দোষাদোষের নির্ণয় করণার্থ ঐ আদালতে সেই মোকদ্দমার রোয়দাদ অর্পণ করণের কিছু প্রয়োজন নাই।

৪। অতএব নিজামৎ আদালত পশ্চাৎ* লিখিত সরক্যুলর অর্ডর মতান্তর করিয়া নিশ্চয় করিয়াছেন যে যে ব্যক্তির বিষয়ে এইমত সাব্যস্ত হয় যে তাহারা দণ্ডনীয় অপরাধকরণের সময়ে উন্মাদ ছিল তাহারদিগকে সেশন জজ সাহেবেরা চূড়ান্তরূপে নিরপরাধী করিতে পারেন।

* নিজামৎ আদালতের ১৮২০ সালের ৮ মে তারিখের ২৩৩ নম্বরী সরক্যুলর অর্ডর।

১৮২৫ সালের ১১ ফেব্রুআরি তারিখের ৩০৭ নম্বরী সরক্যুলর অর্ডর।

sanity, and shall be required only to report such cases for the orders of the Court in regard to the future safe custody of the prisoner, whenever the crime charged may be such as, if committed by a responsible Agent, would have rendered a reference to the Nizamut Adawlut, necessary. On receipt of these orders sentence will issue in the form prescribed by Circular Order Nizamut Adawlut No. 62, dated 4th September, 1840.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, 27th September, 1844.

ক্ষিন্তু যে স্থলে আসামীর নামে যে অপরাধের বিষয়ে নালিশ হয় সেই অপরাধ কোন প্রকৃতিস্থ ব্যক্তির দ্বারা করা হইলে নিজামৎ আদালতে তাহা অর্পণ করণের আবশ্যক হইত সেই স্থলে আসামীকে উত্তর কালে নির্বিঘ্নে রাখণের বিষয়ে সেশন জজ সাহেবের নিজামৎ আদালতের হুকুম পাইবার নিমিত্তে রিপোর্ট তথায় পাঠাইতে হইবেক। এইমত হুকুম পঁহুছিলে নিজামৎ আদালতের ১৮৪০ সালের ৪ সেপ্টেম্বর তারিখের ৬২ নম্বরী সরক্যুলর অর্ডরের লিখিত পাঠানুসারে দণ্ডের হুকুম দেওয়া যাইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৪। ২৭ সেপ্টেম্বর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATION.

An examination will be held on the 1st day of June 1845, in the College of Fort William, for the purpose of filling up existing vacancies in the secondary or Military Class of the Medical College. All candidates will be expected to possess an adequate knowledge of the Hindoostanee Language, to enable them to read and write from dictation, or from a printed work in the Persian or Devnagri character.

All interpreters of Regiments and Battalions will be requested, through the Military Department, not to grant certificates of qualification to any candidate under the age of fifteen and above that of twenty years, and likewise to reject all who may not pass the prescribed ordeal with a sufficient degree of fluency and facility. Much disappointment, expense, and inconvenience, have already been experienced by lads from distant stations being furnished with Certificates who were found on examination quite unqualified for admission, and it is with a view to prevent the recurrence of this that the above measure has been adopted.

Candidates for admission will be required to present themselves before the Secretary to the Medical College, at least three days prior to the day of Examination, in order that a proper descriptive Roll may be prepared for transmission to the examiners of the College of Fort William.

All Students in the Military class are amenable to the Articles of War, and regularly enlisted as soldiers.

No candidate will be admitted to the School who is physically unfit for the duties of a soldier.

By order of the Honourable the President and Council of Education,

F. J. MOUAT, M. D.
Secretary.

Council of Education, the 15th Sept. 1844.

বিজ্ঞাপন।

মেডিকাল কালেজের অন্তঃপাতি দ্বিতীয় অর্থাৎ মিলিটারীসম্পর্কীয় সম্প্রদায়ের কএক পদ শূন্য হইয়াছে অতএব তাহাতে ছাত্র নিযুক্ত করিবার নিমিত্তে ১৮৪৫ সালের জুন মাসের ১ তারিখে ফোর্ট উলিয়ম কালেজে ইমতিহান হইবেক। পদাকাঙ্ক্ষিরদের হিন্দুস্থানী ভাষায় এমত উপযুক্ত জ্ঞান থাকিবে যে তাহারা ঐ ভাষা পাঠ করিতে পারে এবং কেহ আওড়াইলে তাহা লিখিতে পারে অথবা পারসী কিম্বা দেবনাগর অক্ষরে ছাপাহওয়া কেতাব দেখিয়া লিখিতে পারে।

রেজিমেণ্ট এবং বাটালিয়নের সকল দোভাষি সাহেবের প্রতি হুকুম হইল যে তাঁহারা পনের বৎসরের ন্যূন কি বিশ বৎসরের অধিক বয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে যোগ্যতার সর্টিফিকট না দেন এবং যাহারা নিরূপিত পরীক্ষায় উচিতমত এবং অনায়াসে উত্তীর্ণ না হইতে পারে তাহারদিগকে অগ্রাহ্য করেন। ইহার পূর্ব্বে দূর স্থানের যে বালকেরদিগকে সর্টিফিকট দেওয়া গিয়াছিল তাহারা ইমতিহানের সময়ে কালেজে ভর্ত্তি হওনের অযোগ্য বোধ হওয়াতে তাহারদিগের আশাভঙ্গ ও খরচ ও ক্লেশ হইয়াছে এবং এইরূপ বিঘ্ন উত্তর কালে না হয় এই নিমিত্ত উপরের উক্ত হুকুম দেওয়া গেল।

কালেজে ভর্ত্তিহওনের আকাঙ্ক্ষি ব্যক্তিরদের আবশ্যক যে ফোর্ট উলিয়ম কালেজের পরীক্ষক সাহেবেরদের নিকটে পাঠাইবার নিমিত্ত তাহারদের এক উপযুক্ত চেহারা প্রস্তুত হয় এজন্যে ইমতিহানের দিনের অন্যূন তিন দিন পূর্ব্বে মেডিকাল কালেজের সেক্রেটারী সাহেবের সম্মুখে তাহারা উপস্থিত হয়।

মিলিটারীসম্পর্কীয় সম্প্রদায়ের সকল ছাত্রেরা যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন হইবে এবং সিপাহীস্বরূপ তাহারদের নাম রীতিমতে ফিরিস্তিতে লেখা যাইবেক।

ঐ পদাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি ক্ষীণ শরীরপ্রযুক্ত সিপাহীর কর্ম্ম করিতে না পারে সে গ্রাহ্য হইবেক না।

বিদ্যাধ্যাপনের কমিটির শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের এবং কৌন্সেলের হুকুমক্রমে প্রকাশিত।

এফ জে মৌআট।
সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৪৪। ১৫ সেপ্টেম্বর।

APPOINTMENTS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 20th December, 1844.

Gholam Pyember, (who has obtained a diploma) to be Moonsiff of Mungulkote, Zillah East Burdwan.

Gholam Soobhan (who has obtained a diploma) to be Acting Moonsiff of Dowlutgunge, Zillah Nuddea.

[*Government Gazette*, 31*st December*, 1844.]

সদর দেওয়ানী আদালতের নিয়োগ।

১৮৪৪ সাল ২০ ডিসেম্বর।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত গোলাম পৈয়ম্বর জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মঙ্গলকোটের মুনসেফ হইবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত গোলাম সোভান জিলা নদীয়ার দৌলতগঞ্জের একটিং মুনসেফ হইবেন।

ERRATUM.

Orders by the Sudder Dewanny Adawlut, pages 537 and 538, for Baboo Mohunchunder Mitter, read Baboo Nobeenchunder Mitter.

J. HAWKINS, *Register.*

অশুদ্ধ শোধন।

বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের সদর দেওয়ানী আদালতের হুকুমের ৫৩৭ এবং ৫৩৮ পৃষ্ঠায় "বাবু মোহনচন্দ্র মিত্র" এই কথার পরিবর্ত্তে "বাবু নবীনচন্দ্র মিত্র" পাঠ করিতে হইবেক।

জে হকিন্স। রেজিষ্টর।

CIVIL APPOINTMENTS.

No. 386.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

FORT WILLIAM.
FINANCIAL DEPARTMENT.
The 19th December, 1844.

LEAVE OF ABSENCE.

Mr. G. F. McClintock, Government Agent, for two years, on Medical Certificate, with permission to proceed to the Cape of Good Hope.

APPOINTMENT.

Mr. J. G. Campbell to officiate as Government Agent, during the absence of Mr. McClintock.

J. A. DORIN,
Secy. to the Govt. of India.

No. 1994.

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 23d December, 1844.

Mr. R. Walker to officiate as Deputy Collector of Government Customs of Calcutta during Mr. Bracken's absence.

LEAVES OF ABSENCE.

The 23d December, 1844.

Mr. W. Bracken, Deputy Collector of Government Customs at Calcutta, for one month, under Medical Certificate.

Moulavie Rooknooddeen, Principal Sudder Ameen of Purneah, during the ensuing Mohurrum Vacation, and one month in excess of that period.

Syed Imdad Ally, Principal Sudder Ameen of Sarun, for five days on private affairs.

The leave of absence granted on the 11th instant to Mr. J. G. Campbell, is cancelled at his request.

The 27th December, 1844.

The Reverend J. T. Jones, Chaplain of Howrah, is permitted to proceed to Europe on Furlough.

NOTIFICATIONS.

The 28th December, 1844.

Mr. Henry Ricketts, Commissioner of Revenue of the 16th or Chittagong Division, received charge of the duties of his office on the 14th instant.

Mr. H. Swetenham, Officiating Civil and Sessions Judge of Dacca, received charge of his office on the 19th instant.

Mr. G. C. Cheap, Civil and Sessions Judge of

রাজকর্ম্মে নিয়োগ।

৩৮৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেবের হুকুম।

ফোর্ট উলিয়ম।
ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৪৪ সাল ১৯ ডিসেম্বর।

ছুটী।

গবর্ণমেণ্টের এজেণ্ট শ্রীযুত জি এফ মাক্লিণ্টক সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই বৎসরের ছুটী পাইয়া কেপে গমন করিতে অনুমতি পাইয়াছেন।

নিয়োগ।

শ্রীযুত মাক্লিণ্টক সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত জে জি কাম্বেল সাহেব গবর্ণমেণ্টের এজেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

জে এ ডোরিন্।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৯৯৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ২৩ ডিসেম্বর।

শ্রীযুত ব্রাকেন সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত আর ওয়াকর সাহেব কলিকাতায় গবর্ণমেণ্টের হাসিলের ডেপুটী কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৪ সাল ২৩ ডিসেম্বর।

কলিকাতায় গবর্ণমেণ্টের হাসিলের ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ব্রাকেন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী রুকনুদ্দীন মহরমের বন্দে এবং তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

সারণের প্রধান সদর আমীন শ্রীযুত সৈয়দ ইমদাদ আলী স্বীয় কর্ম্মোপলক্ষে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত জে জি কাম্বেল সাহেবকে বর্ত্তমান মাসের ১১ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

১৮৪৪ সাল ২৭ ডিসেম্বর।

হাবড়ার ধর্ম্মোপদেশক শ্রীযুত জে টি জোন্স সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমন করিতে অনুমতি পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ২৮ ডিসেম্বর।

১৬ সংখ্যক অর্থাৎ চাটিগাঁ এলাকার রাজস্বের কমিস্যনর শ্রীযুত হেনরি রিকেট্স সাহেব বর্ত্তমান মাসের ১৪ তারিখে আপন সিরিশ্তার কর্ম্মের ভার গ্রহণ করেন।

ঢাকার এক্টিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ সুইটনহাম সাহেব বর্ত্তমান মাসের ১৯ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ

Rajeshye, resumed charge of his office on the 16th instant.

Mr. W. S. Alexander, Civil and Sessions Judge of Shahabad, made over charge of the current duties of his office to the Principal Sudder Ameen on the 19th instant.

Mr. C. Steer, Collector of Dinagepore, made over charge of the Treasury of the Collectorate to Baboo Junardun Bose, Uncovenanted Deputy Collector, on the 6th instant.

Mr. J. H. Crawford, Collector of East Burdwan, received charge of his office on the 23d instant.

Mr. C. A. Lushington, Officiating Superintendent of Settlements in Behar and Patna, received charge of his office on the 19th instant.

The eminent attainments of Mr. C. T. Buckland in the Bengalee language, having been brought by the Examiners of the College of Fort William to the notice of Government, the Right Honourable the Governor of Bengal has been pleased to confer on him a Degree of Honour, and award to him the donation of Rupees 1,600, prescribed by Section XV. of the Rules of the College.

By order of the Right Honourable the Governor of Bengal,

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

সাহেব বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

শাহাবাদের সিবিল ও সেশন জজ শ্রীযুত ডবলিউ এস আলেকজাণ্ডর সাহেব বর্ত্তমান মাসের ১৯ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত সি ষ্টিরর সাহেব বর্ত্তমান মাসের ৬ তারিখে কালেক্টরীর খাজানাখানার ভার অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জনার্দ্দন বসুর প্রতি অর্পণ করেন্।

পূর্ব্ব বর্দ্ধমানের কালেক্টর শ্রীযুত জে এচ ক্রফোর্ড সাহেব বর্ত্তমান মাসের ২৩ তারিখে আপনার কর্ম্মের ভার গ্রহণ করেন্।

বেহার ও পাটনার বন্দোবস্তী কর্ম্মের একটিং সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি এ লশিংটন সাহেব বর্ত্তমান মাসের ১৯ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

ফোর্ট উলিয়ম কালেজের পরীক্ষক সাহেবেরা বাঙ্গলা ভাষায় শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেবের নিপুণতার বিষয় গবর্ণমেন্টকে জানাইয়াছেন তাহাতে বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ সাহেব কালেজের বিধির ১৫ ধারানুসারে তাঁহাকে সম্ভ্রমের উপাধি এবং ১৬০০৲ টাকা পুরস্কার দিয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেন্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্তিহার।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা মুরশিদাবাদ এই যে

অত্র জিলাসংক্রান্ত সরকারের খাস মহাল ছদা ঈশানপুর যাহার মফঃসল জমা ২৩,৫৬০৲ টাকা সন ১২৫২ সালের ১ বৈশাখঅবধি ১০ দশ বৎসর মেয়াদে ইজারা দেওয়া যাইবেক এবং ইজারাদারের লাভ ও মফঃসলের খরচার জন্য শতকরা ২০৲ টাকাঅবধি ২৫৲ টাকাপর্য্যন্ত সরঞ্জামী মিনাহ দেওয়া যাইবেক যে ইজারা লইবেক তাহাকে উত্তম জামিন দিতে হইবেক অথবা জমার অর্দ্ধেক আমানৎ করিতে হইবেক ইজারার দরখাস্ত মুরশিদাবাদের কালেক্টরী কাছারীতে দাখিল হইবেক ইজারার প্রার্থিত ব্যক্তিরদের অন্য যে কোন সমাচার জানা আবশ্যক হইবেক তাহা ঐ কাছারীতে জানিতে পারিবেক ইহা সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে এস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪৪। ৩১ অক্টোবর মোং সন ১২৫১ তারিখ ১৬ কার্ত্তিক।

Moorshedabad, 31*st October*, 1844. W. GREY, *Asst. Collr. in Charge.*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা ঢাকা জালালপুর এই যে

১৮৪১ সনের ১২ আইনের ৩ ধারা ও সাহেবান সদর বোর্ডের ঐ সনের ৬ অক্টোবরের বিধিঅনুসারে ও গবর্ণমেন্ট গেজেটের ১৮৪২ সনের ২২ জানুআরির লিখিত প্রশংসিত সাহেবানের আদেশমতে ১২৫১ সনের কিং আশ্বিন ও কার্ত্তিক ও অগ্রহায়ণের বাকী খাজানা যে সকল মহালাতের আদায় না হয় ঐ সকল মহালাত ১৮৪৪ সনের ২৮ ডিসেম্বর মোং ১২৫১ সনের ১৫ পৌষ শনিবার এই জিলার কালেক্টরী কাছারীতে বিক্রী হইবেক উক্ত মহালাতের মালগুজারদারানদিগের উচিত যে আপন২ জিম্মার বাকী খাজানা ২৭ ডিসেম্বর সূর্য্যাস্তের পূর্ব্বে অথবা তাহার পূর্ব্বে আদায় করে ও যদি বাকীদারান উক্ত নিয়মমতে বাকী আদায় না করে তবে ঐ বাকীর টাকা না লইয়া বাকী মহালাত নীলাম করা যাবেক। খাজানা না লওয়ার আপত্তি গ্রাহ্য হইবেক না আর যে কেহ নীলাম খরিদের বাসনা রাখে ঐ তারিখে হাজির হইয়া খরিদ করে ইতি সন ১৮৪৪ তাং ৪ নবেম্বর মোতাবেক সন ১২৫১ তারিখ ২০ বিশা কার্ত্তিক।

Dacca Collectorate, 4th November, 1844. R. E. CUNLIFFE, *Collector.*

[*Government Gazette*, 31*st December*, 1844.]

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is here given, that by an order of the said Court the matters of the petition of ROBERT COOKE, sued by the name of R. Cooke, of William's Lane, in the Town of Calcutta, an officer in the preventive service, and lately a prisoner in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the Ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard on Saturday the first day of February next.

The names of the Creditors of the said ROBERT COOKE, appear in a Schedule filed with his said petition in the office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

NATHANIEL HUDSON,
Attorney for the Insolvent.

Calcutta, 27th December, 1844.

NOTICE is hereby given, that by an order of the said Court, the hearing of the matters of the Schedule of JUGGOMOHUN SHOME, has been adjourned to Saturday the fourth day of January next.

NATHANIEL HUDSON,
Attorney for the Insolvent.

Calcutta, 27th December, 1844.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Schedule of PRANNAUTH BOSE, late of Intally in the Suburbs of Calcutta, lately carrying on business at Puggeahputty, in the Burra Bazar, in the Town of Calcutta, merchant and trader, but at present residing in the Danish Settlement of Serampore, against whom an adjudication of Insolvency was made and pronounced by the said Court, on the 13th day of September last, on the Petition of one Kalleepersaud Choudry, a Creditor of the said Prannauth Bose, under the provisions of the Act of Parliament made and passed in the 9th year of the reign of his late Magesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard on Saturday the 1st day of February next.

The names of the Creditors of the said PRANNAUTH BOSE, appear in a Schedule filed in the office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

NATHANIEL HUDSON,
Attorney for the Insolvent.

Calcutta 27th December, 1844.

শহর কলিকাতার অক্ষমঋণিরদিগের উপকারার্থ আদালত।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বে প্রিবেণ্টিব সরবিসের কর্ম্মকারী কলিকাতা নগরের উলিয়মস লেননিবাসী কিন্তু এক্ষণে কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদী আর কুক নামে সপীনা হওয়া

রাবর্ট কুক সাহেব

ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক চতুর্থ জর্জ রাজার নবম বৎসরীয় আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি ফেব্রুআরি মাসের ১ তারিখ শনিবারে শুননি হইবেক।

উক্ত রাবর্ট কুক সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দস্তুরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

নাথানিয়েল হডসন।
যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৪। ২৭ ডিসেম্বর।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে

জগমোহন সোমের

তফসীলের মর্ম্ম আগামি জানুআরি মাসের ৪ তারিখ শনিবারে শুননি হইবেক।

নাথানিয়েল হডসন।
যোত্রহীনের উকীল।

কলিকাতা। ১৮৪৪ সাল ২৭ ডিসেম্বর।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বে কলিকাতার শহরতলী ইটালিনিবাসি এবং কলিকাতা নগরের বড়বাজারের পগেয়াপটিতে সওদাগর ও ব্যবসায়ী কিন্তু এক্ষণে দেমার্কীয়েরদের অধীন শ্রীরামপুর নগর নিবাসি

প্রাণনাথ বসু

ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক চতুর্থ জর্জ রাজার নবম বৎসরীয় আইনের লিখিতমতে যোত্রহীন বটেন এমত উক্ত প্রাণনাথ বসুর এক মহাজন কালীপ্রসাদ চৌধুরীর দরখাস্তমতে গত সেপ্টেম্বর মাসের ১৩ তারিখে নির্দ্দিষ্ট হইল এক্ষণে হুকুম হইতেছে যে তাঁহার তফসীলের মর্ম্ম আগামি ফেব্রুআরি মাসের ১ তারিখ শনিবারে শুননি হইবেক।

উক্ত প্রাণনাথ বসুর মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দস্তুরখানায় দাখিল করা গিয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

নাথানিয়েল হডসন। যোত্রহীনের উকীল।

কলিকাতা ১৮৪৪। ২৭ ডিসেম্বর।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

TREATISE ON INHERITANCE, &c.

Just published at the Serampore Press,

IN OCTAVO—PRICE Co.'s Rs. 6,

A TREATISE ON INHERITANCE, GIFT, WILL, SALE AND MORTGAGE; with an Introduction to the Laws of the Bengal Presidency. By F. E. ELBERLING, Esq. of the Danish Civil Service. Applications for the Work to be made to Messrs. Thacker and Co., St. Andrew's Library; Messrs. Ostell and Lepage, British Library; and Messrs. P. S. D'Rozario and Co., No. 5, Tank Square, Calcutta.

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে কোন ব্যক্তির কাশ্‌মিএর শাল ও জামেওয়ার এবং রুমালইত্যাদি ক্রয় করণের প্রয়োজন হয় তাহা আমার দোকান নং ৫৪৫ বড়বাজারে মনোহর দাসের চকের উপরি তেতালা ভবনে আসিলে যথার্থ মূল্যে পাইবেন ইতি।

শ্রীযুত বাবু পরমেশ্বরী দাস।

[*Government Gazette*, 31*st December*, 1844.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।